

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব এস এম মাহাবুবুর রহমান ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
সভার তারিখ	: ১৪/০৩/২০২৪ খ্রিঃ
সভার সময়	: বেলা ১০.০০ ঘটিকা
সভার স্থান	: সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় উপস্থিত অংশীজন ও ট্রাস্টের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর বিদেহী আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জানান। অতঃপর সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের যুগ্মপরিচালক (প্রশাসন) জনাব মো: ফয়েজ আহমেদ খান-কে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে যুগ্মপরিচালক (প্রশাসন) সভায় নিম্নরূপ আলোচ্যসূচি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করেন:

০২। সভাপতি জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গত ১৫/০৬/২০২৩ খ্রি: তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২০২৪ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিনামার জাতীয় শুদ্ধার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের অংশ হিসেবে গত ০৯/১১/২০২৩ খ্রি: তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্যকার আয়োজি এ সভাটি ৩য় সভা। তিনি জানান যে, সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন এ সংস্থার মাধ্যমে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবার/মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা পরিবারের সেবা নিশ্চিত করা হয়ে থাকে। তিনি সভায় উপস্থিত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদেরকে (প্রজন্ম) বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব আনোয়ার হোসেন পাহাড়ী, বীর প্রতীক বলেন, রাষ্ট্রের অন্যতম দায়িত্ব হলো নাগরিকের জন্য অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার ফলে ইতোপূর্বে অনুষ্ঠিত সভায় উপস্থাপিত বিষয়সমূহ প্রতিপালিত হয়েছে। তিনি ট্রাস্ট কর্তৃপক্ষকে এজন্য ধন্যবাদ জানান।


০৪। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা মো: আবদুল লতিফ বলেন বর্তমানে ট্রাস্টের সেবা প্রদান আমূল পরিবর্তন হয়েছে। পূর্বের তুলনায় বর্তমানে কল্যাণ ট্রাস্ট সক্ষমতার চেয়ে অধিক সেবা প্রদান করছে। এজন্য তিনি ব্যবস্থাপনা পরিচালকসহ ট্রাস্টের সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি সুশাসন প্রতিষ্ঠা করায় ব্যবস্থাপনা পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।



০৫। অতঃপর বিস্তারিত আলোচনান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদেরকে (Stakeholders) নিয়ে নিয়মিত সভার আয়োজন করা হচ্ছে এবং তা অব্যাহত রাখতে হবে;
- (খ) প্রাপ্ত প্রতিটি অভিযোগ বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে এবং তা অব্যাহত রাখতে হবে;
- (গ) তথ্য অধিকার বিষয়ক সেবাবক্স নিয়মিত আপডেট করা হচ্ছে এবং তা অব্যাহত রাখতে হবে;
- (ঘ) সেবা প্রত্যাশীগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান করা হচ্ছে এবং তা অব্যাহত রাখতে হবে।

০৬। পরিশেষে সুশাসন প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর- ৪৮.০১.০০০০.১০২.৩১.০০৬.২৪. ৩৩৮

তারিখ: ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ:
১৯ মার্চ ২০২৪ খ্রি:


অনুলিপি অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত পরিচালক (কল্যাণ ও গবেষণা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০২। জনাব মোঃ ফয়েজ আহমেদ খান, যুগ্মপরিচালক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০৩। জনাব মোঃ ইকবাল হোসেন, সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০৪। জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ০৫। জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করবেন)।

০৬। জনাব

অনুলিপি জ্ঞাতার্থে:

- ০১। যুগ্মসচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট (NIS), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক, বাণিজ্য ও উন্নয়ন/অর্থ/কল্যাণ ও গবেষণা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৩। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্মপরিচালক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি